দামুড়হুদায় পুনর্বাসন সম্পর্কিত যৌথ সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় ভূমিহীন-গৃহহীন (ক-শ্রেণী) পরিবারের শতভাগ পুনর্বাসন সম্পর্কিত যৌথ সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার বেলা সাড়ে ১২টার সময় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের সভা কক্ষে ভূমিহীন-গৃহহীন পরিবারের শতভাগ পুনর্বাসন সম্পর্কিত যৌথ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি মাহফুজুর রহমান মঞ্জু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা বেগম। সভায় স্বগত আলোচনা করেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস।

এসময় আরও উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম, দামুড়হুদা মডেল থানার ওসি অপারেশন সাইফুল আলম, পার কৃষ্ণপুর মদনা ইউপি চেয়ারম্যান জাকারিয়া আলম, জুড়ানপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আ: করিম, কুড়ালগাছি ইউপি চেয়ারম্যান কামাল উদ্দিন,নতিপোতা ইউপি চেয়ারম্যান ইয়ামিন আলী,নাটুদাহ ইউপি চেয়ারম্যান শফিকুল ইসলাম, ওদুদ শাহ্ ডিগ্রি কলেজের অধ্যক্ষ কামাল উদ্দিন, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন, সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, হাউলী ইউপি চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিন, প্যানেল চেয়ারম্যান (২) শহিদুল ইসলাম, সদর ইউপি সদস্য ও দামুড়হুদা উপজেলা সিআইজি কৃষক সংগঠনের সভাপতি সামসুল ইসলামসহ সব ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও মেম্বারগণ এবং বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

দর্শনায় তিন প্রতিষ্ঠানকে ৩৩ হাজার টাকা জরিমানা

দর্শনায় পৃথক স্থানে চুয়াডাঙ্গা জেলা ভোক্তাঅধিকার অভিযান পরিচালনা করে ৩ প্রতিষ্ঠানে ৩৩ হাজার টাকা জরিমানা আদায় করেছে।

সোমবার দুপুর ১টার দিকে পরিচালিত এ অভিযানে মুদিখানা, পোল্ট্রি ফিড, ঔষধ ও নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে তদারকি করা হয়।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর চুয়াডাঙ্গা জেলা কার্যালয় কর্তৃক দামুড়হুদা উপজেলার দর্শনা পুরাতন বাজার ও রুদ্রনগর এলাকায় অভিযান পরিচালিত হয়।

এ অভিযানে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের রুদ্রনগর এলাকায় মেসার্স সোহাগ স্টোর নামক প্রতিষ্ঠানে তদারকিকালে মেয়াদ উত্তীর্ণ পণ্য (পোল্ট্রি ফিড, কীটনাশক ও খাদ্যপণ্য) বিক্রয় ও প্রতিষ্ঠানে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্যতালিকা প্রদর্শন না করার অপরাধে প্রতিষ্ঠানটির মালিক সোহাগ রানাকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর ৩৮ ও ৫১ ধারায় ১৫ হাজার টাকা, একই এলাকায় মেসার্স লিমা স্টোরের মালিক জাহাঙ্গীর হোসেনকে প্রতিষ্ঠানে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মুল্যতালিকা প্রদর্শন না করার অপরাধে ৩৮ ধারায় ৩ হাজার টাকা জরিমানা করা হয়।

পরবর্তীতে দর্শনা পুরাতন বাজার এলাকায় মেসার্স মীম পোল্ট্রি কর্ণার নামক ডিলার প্রতিষ্ঠানে অভিযান পরিচালিত হয়। এসময় প্রতিষ্ঠানে মুরগি ও প্রাণীর মেয়াদ উত্তীর্ণ ঔষধ, ভিনেগার প্রদর্শন ও বিক্রয় করার অপরাধে মালিক মেহেদী হাসানকে ৫১ ধারায় ১৫ হাজার টাকা জরিমানা করা হয়। এ অভিযান পরিচালনা কালে অভিযুক্ত সবাইকে ভবিষ্যতের জন্য সতর্ক করে নির্দেশনা দেয়া হয় এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য জনসম্মুখে নষ্ট করা হয়।

পরবর্তীতে উপস্থিত জনসাধারণকে এ সকল বিষয়ে সচেতন ও লিফলেট বিতরণ করা হয়।

এসময় তিনি বলেন জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে অভিযান পরিচালনা করেন চুয়াডাঙ্গা জেলা ভোক্তাধিকার সংরক্ষণ অধিদপ্তর কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহম্মেদ।

অভিযানে সার্বিক সহযোগিতায় ছিলেন দর্শনা থানা পুলিশের একটি টিম।

কার্পাসডাঙ্গায় ৬ষ্ঠ উপজেলা স্কাউটস কাব ক্যাম্পুরীর উদ্ধোধন

সেবা, নেতৃত্বের গুণাবলি বিকাশ, আত্মনির্ভরশীল হওয়ার দৃড় প্রত্যয় নিয়ে দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয় চত্বরে সোমবার সকাল সাড়ে ১০টায় উপজেলা স্কাউটস কতৃক ৬ষ্ঠ কাব ক্যাম্পুরীর উদ্বোধন করা হয়েছে।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউ.পি চেয়ারম্যান আঃ করিম বিশ্বাস,এসময় উপস্থিত বক্তারা বলেন স্কাউটস এমন একটা মাধ্যম যা চর্চার মাধ্যমে একজন শিক্ষার্থীর মাঝে সৃজনশীল চিন্তাচেতনার বিকশিত হয়, যা তাঁর চলার পথে প্রতিটি ক্ষেত্রে আত্নবিশ্বাসী হওয়ার প্রত্যয় সৃষ্টি হয়।

এসময় বিশেষ অতিথি ছিলেন উপজেলা স্কাউটস সহকারী লিডার প্রশিক্ষক হাবীবুর রহমান। উপস্থিত ছিলেন উপজেলার সকল প্রাইমারি স্কুলের কাব স্কাউটসের লিডারবৃন্দ।

দামুড়হুদায় জাতীয় পরিসংখ্যান দিবস পালিত

“পরিসংখ্যান ব্যবহার উন্নয়ন, স্মার্ট বাংলাদেশ গঠন এই প্রতিপাদ্যকে সামনে রেখে” দামুড়হুদায় জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৩

পালিত হয়েছে।

এ উপলক্ষে সোমবার সকাল সাড়ে ৯টার দিকে উপজেলা প্রশাসন ও উপজেলা পরিসংখ্যান অফিসের আয়োজনে উপজেলা চত্বরে র্যালী ও নির্বাহী অফিসারের কার্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান, পরিসংখ্যান তদন্তকারী জিল্লুর রহমান, যুব উন্নয়ন অফিসার আব্দুল্লাহ আল মামুন, সমবায় অফিসার হারুন অর রসিদ, হিসাব রক্ষণ সুপার হাবিবুর রহমান, মৎস অফিসার হামিদুর রহমানসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় মাদক মামলার আসামি উষা’র যাবজ্জীবন কারাদণ্ড

দামুড়হুদায় মাদক মামলায় আব্দুল্লাহ আল মামুন নামে এক হেরোইন ব্যবসায়ীকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। একইসঙ্গে তাকে ২০ হাজার টাকা অর্থদণ্ড, অনাদায়ে আরো ছয় মাসের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে।

রবিবার দুপুরে চুয়াডাঙ্গার অতিরিক্ত দায়রা জজ দ্বিতীয় আদালতের বিচারক মাসুদ আলী এ রায় ঘোষণা করেন। দণ্ডপ্রাপ্ত আব্দুল্লাহ আল মামুন দামুড়হুদা উপজেলা সদরের দশমীপাড়ার নজরুল ইসলামের ছেলে। রায় ঘোষণার সময় আসামি আদালতে উপস্থিতি ছিলেন।

জানা গেছে ২০১৭ সালের ৯ জুন বেলা সাড়ে ১১টার দিকে চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা দক্ষিণ চাঁদপুর গ্রামে অভিযান চালায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। এ সময় আব্দুল্লাহ আল মামুনের ভাড়া বাড়ি থেকে দুই কেজি ৩৫০ গ্রাম হেরোইন উদ্ধার করেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সদস্যরা। পরে তাকে আটক করে দামুড়হুদা মডেল থানায় সোপর্দ করে মামলা দায়ের করা হয়। ওই মামলার রায়ে তার যাবজ্জীবন কারাদণ্ড প্রদান করা হয়।

দামুড়হুদায় মটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সাথে ধাক্কা, আহত ২

দামুড়হুদায় মটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সাথে ধাক্কা লেগে দুইজন গুরুতর আহত হয়েছে দুইজনকেই রাজশাহী রেফার্ড করা হয়েছে।

রবিবার রাত ৯টার দিকে দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা টু আরামডাঙ্গা রোডের মাঝামাঝি স্থানে পাকা রাস্তার উপর এই দূর্ঘটনা ঘটে।

আহতরা হলেন দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের পীরপুর কুল্লা গ্রামের হাজী আব্দুল হান্নানের ছেলে হারুন অর রশিদ (৪২),ও একই গ্রামের মৃত সুন্নাত আলীর ছেলে রায়হান (৪৫)।

স্থানীয় সূত্রে জানা গেছে দর্শনা থেকে বাড়ি ফেরার পথে মোটরসাইকেল চালিয়ে যাওয়ার সময় দামুড়হুদা থানাধীন কার্পাসডাঙ্গা টু আরামডাঙ্গা রোডের মাঝামাঝি স্থানে পৌঁছালে মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে থাকা খেচুর গাছের সঙ্গে ধাক্কা লেগে দুইজন গুরুতর আহত হয়। পথচারীরা দেখতে পেয়ে তাৎক্ষণিক উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে জরুরী বিভাগে নিয়ে আসেন। জরুরী বিভাগের কর্তব্যরত ডাক্তার, শাপলা খাতুন প্রাথমিক চিকিৎসা দিয়ে উন্নত চিকিৎসার জন্য দুইজনকেই রাজশাহী মেডিকেল ও কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন থানা পুলিশ কর্তৃক পরবর্তী আইনানুগ কার্যক্রম চলমান রয়েছে।

আলমডাঙ্গায় দিনব্যাপী প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনীর উদ্বোধন

‘স্মার্ট লাইভস্টক, স্মার্ট বাংলাদেশ’ প্রতিপাদ্য নিয়ে আলমডাঙ্গা মৎস্য ও প্রাণিসম্পদের উদ্যোগে দিনব্যাপী সেবা সপ্তাহ ও প্রদর্শনী- ২০২৩ অনুষ্ঠিত হয়েছে।

রবিবার (২৬ফেব্রুয়ারি) বেলা ১১টায় উপজেলা প্রাণিসম্পদ দফতর ও ভেটেনারি হাসপাতালে এ প্রদর্শনী অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানটি বিকেল ৩ টায় সমাপনী অনুষ্ঠানের মাধ্যমে পুরস্কার বিতরণ করা হয়।

প্রাণিসম্পদ অধিদফতরের বাস্তবায়নে প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্পের (এলডিডিপি) সহযোগীতায় ও উপজেলা প্রাণিসম্পদ দফতর ও ভেটেনারি হাসপাতালের বাস্তবায়নে প্রদর্শনী অনুষ্ঠানে সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদের সভাপতিত্বে বিকেল ৩ টায় প্রাণীসম্পদ প্রদর্শনী -২০২৩ এর সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

প্রাণীসম্পদ প্রদর্শনী-২০২৩ এর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের সভাপতি বীরমুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়াদ্দার ছেলুন এমপি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, জেলা আওয়ামীলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক লিঠু বিশ্বাস, উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা, সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সোহেল রানা, প্রাণীসম্পদ কর্মকর্তা আব্দুল্লাহীল কাফি, থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম, বীরমুক্তিযোদ্ধা জকু, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক, পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেন,সাংগঠনিক সম্পাদক সাইফুল ইসলাম পিন্টু, প্রাণীসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডা. বাইজিদ খন্দকার।

প্রদর্শনীতে ৫০টি ষ্টলে ৭০ জন খামারি গরু, মহিষ, ছাগল, ভেড়া, হাঁস, মুরগিসহ বিভিন্ন প্রজাতির পাখি ও প্রাণীর প্রদর্শনসহ

প্রাণীসম্পদ উন্নয়নে বিভিন্ন দিক নির্দেশনা দেওয়া হয়।

আলমডাঙ্গায় মেয়ের ধাক্কা, ইটের আঘাতে বাবার মৃত্যু

আলমডাঙ্গায় মেয়ের ধাক্কায় পড়ে গিয়ে ইটে আঘাতে সানোয়ার হোসেন
(৫২) নামে এক ব্যক্তি নিহত হয়েছেন।

রোববার বিকেলে আলমডাঙ্গার বকশিপুর গ্রামে ঘটনা ঘটে। পরে আহত অবস্থায় স্থানীয় একটি ক্লিনিকে নেয়া হলে চিকিৎসক কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। সেখানে চিকিৎসারত অবস্থায় তার মৃত্যু হয়। এ ঘটনার পরই পুলিশ অভিযান চালিয়ে মেয়ে ববিতাকে আটক করেছে।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন।

স্থানীয় সূত্রে জানাযায়, আলমডাঙ্গা উপজেলার ডাউকি ইউনিয়নের বকসিপুর গ্রামের কেসমত আলীর জামাই সানোয়ার হোসেন (৫২)। রবিবার বিকেলে মেয়ে ববিতার ছেলেকে মোবাইলের রিচার্জ করতে পাঠায়। সে না গিয়ে ঘোরাঘুরি করে। এতে রাগান্তিত হয়ে মেয়ে ও নাতীকে কুপিয়ে জখম করে সানোয়ার।

এ সময় মেয়ে তার পিতাকে ধাক্কা দিলে ইটের উপর পড়ে মাথায় আঘাতপ্রাপ্ত হন। পরিবারের লোকজন সানোয়ারকে উদ্ধার করে আলমডাঙ্গা হারদি হাসপাতালে নেয়। জরুরি বিভাগে দায়িত্বরত চিকিৎসক কুষ্টিয়া মেডিকেল হাসপাতালে ভর্তি করলে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। খবর পেয়ে আলমডাঙ্গা থানাপুলিশ সানোয়ারের মেয়ে ববিতাকে আটক করে পুলিশ।

আলমডাঙ্গা থানার (ওসি) সাইফুল ইসলাম জানান, খবর পেয়ে ঘটনাস্থল থেকে অভিযুক্ত মেয়েকে আটক করা হয়েছে। লাশ হাসপাতাল থেকে আসলে সুরতহাল রিপোর্ট শেষে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

চুয়াডাঙ্গায় মাদকবিরোধী ফুটবল টুর্নামেন্ট ও পুরষ্কার বিতরণ অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের আয়োজনে মাদকবিরোধী ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে। রবিবার বেলা সাড়ে চারটার সময় চুয়াডাঙ্গা পুরাতন স্টেডিয়ামে মাদকবিরোধী ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চুয়াডাঙ্গার আয়োজনে মাদকবিরোধী ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক মোঃ শরীয়ত উল্লাহ সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, খেলাধুলা ও সুস্থ সংস্কৃতি চর্চা ছাত্র-ছাত্রীদের অনন্য মানুষে পরিণত করে। ভালো শিক্ষার্থী হওয়ার পাশাপাশি ভালো মানুষ হতে হলে খেলাধুলার বিকল্প নেই৷ মানবিক মূল্যবোধ সমৃদ্ধ উন্নত জাতি গড়তে সুস্থ সাংস্কৃতিক চর্চা ও ক্রীড়াঙ্গনেও দক্ষ হতে হবে।তিনি আরও বলেন, খেলায় যেমন প্রতিযোগিতা রয়েছে তেমনি রয়েছে মানুষ হিসেবে প্রয়োজনীয় গুনাবলী অর্জনের সুযোগ। তোমাদের সেই গুনাবলী অর্জন করতে হবে।

চুয়াডাঙ্গা পুরাতন স্টেডিয়ামে চারটি দলের অংশগ্রহণে নকআউট পর্বে ফাইনাল খেলায় চুয়াডাঙ্গা টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ ও চুয়াডাঙ্গা পৌর ডিগ্রী কলেজ অংশগ্রহণ করে। চুয়াডাঙ্গা পৌর ডিগ্রী কলেজ চ্যাম্পিয়ান লাভ করেন ও চুয়াডাঙ্গা টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ রানার্সআপ হয়।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) আবু তারেক, চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভূইয়া, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি সরদার আল আমিন সহ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ

দামুড়হুদা উপজেলা বালাইনাশক বিক্রেতা এসোসিয়েশনের বার্ষিক সম্মেলন

দামুড়হুদা উপজেলা বালাইনাশক বিক্রেতা এসোসিয়েশন বার্ষিক সম্মেলন ২০২৩ অনুষ্ঠিত হয়েছে। রবিবার দুপুর ২টার সময় ডিসি ইকোপার্কে চড়ুইভাতি চত্বরে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা -২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর। এসময় তিনি বলেন বাংলাদেশ কৃষি প্রধান দেশ, এদেশের অর্থনীতি প্রবৃদ্ধিতে কৃষি বিভাগ অগ্রণী ভূমিকা পালন করে। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা গড়তে তারই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা সরকার একটি কৃষি বান্ধব সরকার। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে কৃষি বিভাগের তত্ত্বাবধানে কৃষকের মাঝে ন্যায্য মূল্যে কৃষকের কাছে সার পৌঁছে দিচ্ছে। বঙ্গবন্ধুর এ স্বপ্ন পূরণে অগ্রনী ভূমিকায় রয়েছেন আপনাদের মতো বালাইনাশক খুচরা বিক্রেতা।বর্তমানে দামুড়হুদা উপজেলায় বালাই নাশক খুচরা বিক্রেতাদের মাধ্যমে প্রতি বছরে বিনা সুদে বাকিতে প্রায় সরকারি মূল্যে দেড়শো কোটি টাকার উন্নত মানের বীজ,সার ও কীটনাশক সরবারহ করে থাকি।

দামুড়হুদা উপজেলা বালাইনাশক বিক্রেতা এসোসিয়েশন কর্তৃক আয়োজিত বার্ষিক সম্মেলনে চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক বিভাস চন্দ্র সাহা’র সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মঞ্জু, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ, দামুড়হুদা উপজেলা সিআইজি কৃষক সংগঠনের